# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৪৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৪৭]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ৮৭: দু' সিজদার মধ্যে চেহারা বরাবর হাত উঠানো

بَاب رَفْعِ الْيَدَيْنِ بَيْنَ السَّجْدَتَيْنِ تِلْقَاءَ الْوَجْهِ

---

আরবী

أَخْبَرَنَا مُوسَى بْنُ عَبْدِ اللَّهِ بْنِ مُوسَى الْبَصْرِيُّ، قال: حَدَّثَنَا النَّضْرُ بْنُ كَثِيرٍ أَبُو سَهْلٍ الْأَزْدِيُّ، قال: صَلَّى إِلَى جَنْبِي عَبْدُ اللَّهِ بْنُ طَاوُسٍ بِمِنًى فِي مَسْجِدِ الْخَيْفِ فَكَانَ إِذَا سَجَدَ السَّجْدَةَ الْأُولَى فَرَفَعَ رَأْسَهُ مِنْهَا رَفَعَ يَدَيْهِ تِلْقَاءَ وَجْهِهِ فَأَنْكَرْتُ أَنَا ذَلِكَ فَقُلْتُ: لِوُهَيْبِ بْنِ خَالِدٍ إِنَّ هَذَا يَصْنَعُ شَيْئًا لَمْ أَرَ أَحَدًا يَصْنَعُهُ، فَقَالَ لَهُ: وَهَيْبٌ تَصْنَعُ شَيْئًا لَمْ نَرَ أَحَدًا يَصْنَعُهُ، فَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ طَاوُسٍ: رَأَيْتُ أَبِي يَصْنَعُهُ وَقَالَ أَبِي: رَأَيْتُ ابْنَ عَبَّاسٍ يَصْنَعُهُ وَقَالَعَبْدُ اللَّهِ بْنُ عَبَّاسٍ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصْنَعُهُ.

تخریج دارالدعوہ: سنن ابی داود/الصلاة ۱۱۷ (۷۴۰)، (تحفة الأشراف: ۵۷۱۹) (صحیح) (اس کے راوی ”نضر بن کثیر“ ضعیف ہیں، لیکن شواہد سے تقویت پاکر یہ روایت صحیح لغیرہ ہے)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1147 - صحيح

বাংলা

১১৪৬. মূসা ইবনু আবদুল্লাহ ইবনু মূসা আল বাসরী (রহ.) ..... নাযর ইবনু কাসীর আবূ সাহল আল আযদী (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আবদুল্লাহ ইবনু তাউস (রহ.) মিনায় মসজিদে খায়ফে আমার পাশে সালাত আদায় করলেন। যখন তিনি প্রথম সিজদা করলেন এবং সিজদা হতে মাথা উঠালেন, তখন তিনি তার মুখমণ্ডল বরাবর তার উভয় হাত উঠালেন। তা আমার না-পছন্দ হওয়ায় আমি উহায়ব ইবনু খালিদকে বললাম, এ ব্যক্তি এমন কিছু করেছে যা আমি কাউকে করতে দেখিনি। তখন উহায়ব তাঁকে বললেন, আপনি এমন কিছু করেছেন যা আমরা কাউকে করতে দেখিনি, তখন ’আবদুল্লাহ ইবনু তাউস বললেন, আমি আমার পিতাকে তা করতে দেখেছি। আর

আমার পিতা বলেছেন, আমি আবদুল্লাহ ইবনু ’আব্বাস-কে এমন তে দেখেছি। আর ’আবদুল্লাহ ইবনু আব্বাস বলেছেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে এমন করতে দেখেছি।

(শাইখ আলবানী আবূ দাউদে হাদিসটিকে যঈফ বলেছেন)

## English

87. Raising The Hands (Near) The Face Between The Two Prostrations

An-Nadr bin Kathir Abu Sahl Al-Aszidi said: Abdullah bin Tawus prayed beside me at Mina, in Masjid Al-Khaif, and when he made the first prostration he raised his head and raised his hands up to his face. I found that strange and I said to Wuhaib bin Khalid: This man does something that I have never seen anyone do. Wuhaib said to him: 'You do something that I have never seen anyone do.' Abdullah bin Tawus said: 'I saw my father do it, and my father said: I saw Ibn 'Abbas do it and 'Abullah bin Abbas said: 'I saw the Messenger of Allah (ﷺ) doing it.'

### ফুটনোট

সহীহ: আবু দাউদ ৭৪০, সহীহ: আবু দাউদ ৭২৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87520

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন